

বিজ্ঞপ্তি

Korea International Cooperation Agency (KOICA) এর অর্থায়নে কোরিয়ায় অনুষ্ঠিতব্য নিম্নবর্ণিত মাস্টার্স কোর্সসমূহের জন্য বিসিএস প্রশাসন ক্যাডারের সদস্যদের মধ্য থেকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে কর্মকর্তা মনোনয়নের লক্ষ্যে আবেদন আহ্বান করা হচ্ছে:


ক্রমিক নং	প্রোগ্রামের নাম ও মেয়াদ	সুযোগ সংখ্যা
১.	KOICA-KAIST Finance MBA Program for Government Officials of Emerging Economics Duration: August 22, 2016-February 28, 2018.	২
২.	Capacity Building of Public Administration Duration: August 10, 2016-December 15, 2017.	৪

এতদুদ্দেশ্যে কোর্স সংশ্লিষ্ট কাগজপত্র এসাথে সংযুক্ত করা হলো।

শর্তসমূহ:

১. পূর্বে যারা KOICA বা কোরিয়ান সরকারের অর্থায়নে কোরিয়াতে কোন কোর্স করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।
২. মনোনীত কর্মকর্তাগণের কোর্সের সঙ্গে দায়িত্বের সংশ্লিষ্টতা থাকতে হবে।
৩. জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯, তারিখ: ০৬/১২/২০১৫ মোতাবেক চাকুরিতে প্রবেশের পর প্রেষণ/শিক্ষাছুটিতে একটি মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার আবেদন করার প্রয়োজন নেই।
৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২খ্রিঃ তারিখের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) নং আদেশ এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত গেজেটে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা শাখা) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ও বিদেশ প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬. ০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।
৫. নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন বা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।
৬. আগ্রহী ও যোগ্য কর্মকর্তাবৃন্দকে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ করে প্রত্যেক প্রার্থীর আবেদন ফরমের ০৪ সেট মূল কপি (আবেদন ফরমের কপি সংযুক্ত), বৈধ পাসপোর্টের কপি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ হার্ডকপি আগামী ১১/০২/২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (ভবন নং-২, কক্ষ নং-১০৯) সংশ্লিষ্ট বিধিবিধানের অনুরণে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


ড. আবদুল হামিদ
উপসচিব
ফোন: ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিতরণ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলানগর, ঢাকা (দৃ. আ. উপসচিব, বৃত্তি-২ অধিশাখা)।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।